



# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

যানবাহন শাখা

## বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল প্রাতিষ্ঠানিক রিকুইজিশনকারীকে গাড়ী রিকুইজিশন এর বেত্রে প্রাতিষ্ঠানিক কাজে ব্যবহারের জন্য নির্ধারিত রিকুইজিশন ফরমের নিম্নোক্ত অংশগুলো যথাযথভাবে পূরণ করার জন্য ইতোপূর্বেও অনুরোধ করা হয়েছিল কিন্তু দুঃখজনক হলেও সত্য যে উক্ত অংশগুলো অধিকাংশবেত্রে সঠিকভাবে পূরণ করা হচ্ছে না। এর কারণে গাড়ী ব্যবহার এবং এই সংক্রান্ত ব্যয়ে সচ্ছতা আনা কঠিন হয়ে পড়ছে। তাই সম্মানিত সকল ব্যবহারকারীগণকে উক্ত অংশগুলো যথাযথভাবে পূরণ করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

গাড়ী ব্যবহারের উদ্দেশ্য (বিস্তারিত)	ভ্রমের সম্ভাব্য স্থান সমূহ (নির্দিষ্ট করে লিখতে হবে)	উল্লেখিত স্থান ব্যতীত অন্য স্থানে ভ্রমকরলে তা লিপিবদ্ধ করুন
	ক্যাম্পাস হতে..... ..... .....	
		ব্যবহারকারীর স্বাক্ষর

তাছাড়া যানবাহন ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুযায়ী সকল প্রকার রিকুইজিশন (প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত) যানবাহন ব্যবহারের কমপক্ষে ১২ (বার) ঘন্টা আগে অফিস চলাকালীন সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং গাড়ী ব্যবহার শেষে লগবই এ ব্যবহারকারীর স্বাক্ষর প্রদান করার কথাও উল্লেখ আছে তা সঠিকভাবে মেনে চলার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখিত নিয়মগুলি যথাযথ না মানা হলে যানবাহন প্রদান করা সম্ভব হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হল।

(প্রফেসর ডঃ মিহির রঞ্জন হালদার)  
সভাপতি, যানবাহন কমিটি  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।  
তারিখঃ ০৬/০৭/১৭ ইং

স্মারক নং-খুপ্রবি/যান/১৭/০৯

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল।

- ০১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০২। ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০৩। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০৪। সকল বিভাগীয় প্রধান, সকল শির্ষকদের মাঝে প্রচারের অনুরোধ জানানো হলো।
- ০৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০৬। শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০৭। ভিসি মহোদয়ের একান্ত সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়কে অবহিত করার অনুরোধ সহকারে।
- ০৮। যানবাহন কমিটির সভাপতি ও সকল সদস্য, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০৯। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। নথি।

(প্রকৌঃ মোঃ রমজুল আমিন)  
যানবাহন কর্মকর্তা  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।